

জাবির ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস গ্রেফতার ৫

জাবি প্রতিনিধি

আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের ভর্তি পরীক্ষায় এই প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেছে। দিনরাপী অভিযানে চাপিয়ে এই চক্রের সঙ্গে জড়িত ৫ জনকে আটক করেছেন বিশ্ববিদ্যালয়ের প্রটোকোল বিভাগের সদস্যরা।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, শনিবার অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের ভর্তি পরীক্ষা চলাকালীন নতুন কলা ও মানবিক অনুষদ ভবনের ২১৭ নম্বর কক্ষে আবদুল্লাহ আদ নোমান নামের এক ভর্তিছু পেঙ্গিন দিয়ে ২ নম্বর সেট কোড পূরণ করেন। বিষয়টি হস্ত পরিদর্শক মোস্তাফিজ গোলাম রক্বানীর নজরে এলে তিনি ওই ভর্তিছুকে জিজ্ঞাসাবাদ করেন। এ সময় তার কাছে থাকা মোবাইল ফোনে খুদে বার্তার মাধ্যমে ১ নম্বর সেটের উত্তর আসছিল।

পরে ১ নম্বর সেটের প্রশ্নের উত্তরের সূত্রে খুদে বার্তার উত্তরের মিল পান বিশ্ববিদ্যালয়ের প্রটোকোল ও সাংবাদিকরা। এদিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের হাতে আটক হওয়া নোমান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, ২ লাখ টাকার বিনিময়ে রাসেল নামের এক লোক ভর্তি পরীক্ষা চলাকালীন তার মোবাইলে খুদে বার্তার মাধ্যমে উত্তর জানিয়ে দেন বলে জানান।

পরে নোমান এবং রায়হানের দেয়া তথ্যের ভিত্তিতে এই চক্রের সঙ্গে জড়িত অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের ভর্তিছু ইব্রাহিম হাকাত, মোঃ শাহনেওয়াজ এবং ন্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের পরীক্ষার্থী, বেহেদী হাসান হুদয়কে আটক করা হয়। এদের সরাইকে জিজ্ঞাসাবাদ করা হলে তারা এই চক্রের মূল হেতা হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রকৃত্ত বিভাগের ৪২তম ব্যাচের শিক্ষার্থী বোঃ সাহেব আলীর নাম জানায়।